

২০২৩

বাংলা

(অনার্স)

স্কিল এনহ্যান্সমেন্ট কোর্স (SEC)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

তৃতীয় সেমেস্টার

কোর্স কোর্ড : BENG-H-SEC-T-1

(বানান বিধি, প্রুফ সংশোধন, সাহিত্য পাঠদান ও প্রয়োগবৈচিত্র্য)

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

- ১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :  $২ \times ৫ = ১০$
- ক) প্রুফ-সংশোধন বলতে কী বোঝায়?
- খ) কবিতা পাঠের দুটি উদ্দেশ্য লেখো।
- গ) নাটকে কোরাস-এর গুরুত্ব লেখো।
- ঘ) নাট্য-দ্বন্দ্ব বলতে কী বোঝায়?
- ঙ) নাটকে সংলাপের গুরুত্ব লেখো।
- চ) নাটকে অঙ্ক ও দৃশ্য বিভাজন কেন করা হয়?
- ছ) যে-কোন দুটি সাহিত্য-বিষয়ক আলোচনাচক্রের শিরোনাম লেখো।
- জ) নাটকে 'পঞ্চসন্ধি' বলতে কী বোঝায়?
- ২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :  $৫ \times ২ = ১০$
- ক) তোমার পাঠ্য একটি কবিতার নাট্যরূপ নির্মাণ করো।
- খ) একটি কবিতা পাঠকালে তুমি কোন কোন বিষয় মেনে চলবে?

(পরের পাতায়)

- গ) শ্রেণিকক্ষে সাহিত্য পাঠদানের সময় 'নামকরণ' বিষয়ে ছাত্র-ছাত্রীদের অবহিত করা হয় কেন?
- ঘ) তোমার পাঠ্য একটি গ্রন্থের গ্রন্থ-সমালোচনা প্রস্তুত করো।
- ৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০
- ক) প্রফ সংশোধন করো :

কম্পোজ ম্যাটার —

সুকের লাগিগা                      এই ঘর বাধিনু  
 আননে পুড়িয়া লেল  
 আমিয়া শাগরে                      শিনান কতিতে  
 সক লই গলল ভেল ॥  
 শফি কি মর কলমে লে থি।  
 শী লত বলিলা                      ও চাঁদ শোধনু  
 ভানুল কিরন দেখি ॥

মূল কপি —

সুখের লাগিয়া                      এ ঘর বাঁধিনু  
 অনলে পুড়িয়া গেল।  
 অমিয়া-সাগরে                      সিনান করিতে  
 সকলি গরল ভেল ॥  
 সখি কি মোর করমে লেখি।  
 শীতল বলিয়া                      ও চাঁদ সেবিনু  
 ভানুর কিরণ দেখি ॥

- খ) একজন প্রফ-রিডারের দায়িত্ব সম্পর্কে যা জানো লেখো।
- গ) মাইকেল মধুসূদন দত্তের দ্বিশতবর্ষ উপলক্ষে আয়োজিত আলোচনা চক্রের পরিকল্পনায় একটি খসড়া প্রস্তুত করো।
- ঘ) তোমার পাঠ্য একটি ছোটগল্পের নাট্যরূপ নির্মাণ করো।